

যায়যায়দিন

তারিখ ... AUG ... 8 2006

পৃষ্ঠা ... কলাম ...

৭৮

চট্টগ্রাম মেডিকাল কলেজ

## ছাত্রদলের অনুমতি নিয়ে ছাত্রলীগের রাজনীতি

চট্টগ্রাম অফিস

দীর্ঘ সাড়ে চার বছর নিষ্ক্রিয় থাকার পর চট্টগ্রাম মেডিকাল কলেজের রাজনীতিতে আবার সক্রিয় হয়ে উঠেছে ছাত্রলীগ। গত ১৫ আগস্ট শেখ মুজিবুর রহমানের ৩১তম মৃত্যুবার্ষিকীতে ছাত্রলীগ প্রকাশ্যে মিছিল করেছে। ছাত্রদলের অনুমতি নিয়ে তারা এ কর্মসূচি পালন করেছে বলে জানা গেছে। ক্যান্টিন থেকে বিতাড়িত ছাত্রলীগ নেতারাও এখন ফিরতে শুরু করেছে। প্রতিপক্ষের সাংগঠনিক তৎপরতা অভিনন্দন জানিয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল। তবে এ ব্যাপারে সতর্ক প্রতিক্রিয়া ব্যক্ত করেছে ছাত্রশিবির। কলেজ ছাত্রসংসদের বর্তমান ডিপি ও

ছাত্রদল নেতা আবদুল মতিন বলেন, গণতান্ত্রিক ছাত্র সংগঠন হিসেবে আমরা সহনশীল রাজনীতিতে বিশ্বাস করি। ছাত্রলীগ মিছিল করার জন্য আমাদের অনুমতি চাইলে আমরা সানন্দে রাজি হই। তাদের সুযোগ দিয়ে আমরা প্রমাণ করেছি গণতান্ত্রিক রাজনৈতিক চর্চায় আমাদের সদিচ্ছা আছে।

একই বিষয়ে ছাত্রলীগের সাবেক নেতা হীমান বড়ুয়া ও রেজোয়ান যায়যায়দিনকে বলেন, ছাত্রদলের অনুমতি নিয়ে মিছিল হয়েছে বিষয়টি ঠিক নয়। তবে ছাত্রসংসদে ছাত্রদল নেতৃত্ব দেয়ায় আমরা তাদের অবহিত করেছি।